

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
আরবান প্লানিং
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.৫২

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৪

১৩ মার্চ ২০১৮

বিষয়: অনাপত্তিপত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-২৭.১২.৬৮৬০.০৭২.১৯.৫০০.১৮.৬২৫; তারিখঃ ১৮/০১/২০১৮ খ্রিঃ

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত তফসিলভুক্ত জমি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন “শতভাগ বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ” প্রকল্পের আওতায় নরসিংদী পবিস-২ এর নরসিংদী জেলাধীন সদর উপজেলায় নরসিংদী-৮ (বাগহাটা) ১০ এমডিএ ৩৩/১১ কেভি একটি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণের আবেদন করা হয়েছে।

উপজেলা/ থানা	মৌজা	জেএল নং	আর.এস খতিয়ান নং	আর.এস. দাগ নং	চাহিতব্য জমির পরিমাণ	জমির শ্রেণী	পরিদর্শনে প্রাপ্ত জমির বর্তমান অবস্থা
নরসিংদী সদর	বাগহাটা	৫৪	১২৫৬, ৩৮২৮	৩০৩৬	০.৪০ একর (শূন্য দশমিক চার শূন্য একর)/ ৪০ শতাংশ (চল্লিশ শতাংশ)	নাল	বালু দ্বারা ভরাটকৃত খালি জমি

উক্ত এলাকাটি ড্যাপ বহির্ভূত এলাকা হওয়ায় এবং আবেদনপত্রের সাথে প্রেরিত কাগজপত্রের সাপেক্ষে ভূমি ব্যবহার যাচাই করার জন্য সবেজমিনে পরিদর্শন করা হয়। সবেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, জমিটি বালু দ্বারা ভরাটকৃত খালি জমি এবং এর পাশে শেখেরচর-বাবুরহাট পাকা রাস্তা আছে। এমতাবস্থায় যেহেতু শতভাগ বিদ্যুতায়ন একটি জনগুরুত্বপূর্ণ বিষয় সেহেতু জনস্বার্থে ও সরকারী প্রয়োজনে পানি নিষ্কাশনের যথোপযুক্ত ব্যবস্থা রাখার সাপেক্ষে চাহিতব্য ০.৪০ একর (শূন্য দশমিক চার শূন্য একর)/ ৪০ শতাংশ (চল্লিশ শতাংশ) ভূমি অধিগ্রহণে অত্র দপ্তরের আপত্তি নাই।

সংযুক্তিঃ

১. ভ্রমণ প্রতিবেদন।
২. তফসিল।
৩. আশেপাশের এলাকা চিহ্নিতপূর্বক প্রস্তুতকৃত ম্যাপ।


১৩-৩-২০১৮

জনাব শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার

মোঃ রেজাউল করিম, নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন
বোর্ড, নরসিংদী।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) প্রধান প্রকৌশলী (প্রকল্প), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
- ৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
- ৪) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্রকল্প পরিচালক (ডিএনইএস), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
- ৭) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৮) সিনিয়র প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৯) প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ১০) পরিকল্পনা সহকারী, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর



১৩-৩-২০১৮

ফৌজিয়া শারমিন তিথি
প্ল্যানার